বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.৩৮.০০৮.২০-২৭৫ তারিখ: ২২ ডিসেম্বর, ২০২০

**পরিপত্র**

**বিষয়: পৌরসভা নির্বাচন উপলক্ষে সাংবাদিক নীতিমালা।**

সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন অনুষ্ঠানে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। ভোটগ্রহণের দিনসহ বিভিন্ন সময়ে সাংবাদিকগণ যাতে সহজে নির্বিঘ্নে নির্বাচনি সংবাদ সংগ্রহ করতে পারেন সেজন্য সহযোগিতা প্রদান করার প্রয়োজন রয়েছে, তবে তা অবশ্যই নির্বাচনের সময়, ভোটগ্রহণ ও ভোট গণনার সময় প্রযোজ্য বিধি-নিষেধ মেনে করতে হবে। নির্বাচন কমিশনের অনুমোদিত ব্যক্তি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারেন। এজন্য ভোটকেন্দ্রের সংবাদ সংগ্রহের জন্য নির্বাচন কমিশন হতে সাংবাদিকদের বিশেষ কার্ড সরবরাহ করা হবে। রিটার্নিং অফিসারগণ তাদের সংশ্লিষ্ট এলাকার এসব কার্ড ইস্যু করবেন। রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারকে সংশ্লিষ্ট উপজেলার সাংবাদিকদের কার্ড প্রদানের ক্ষমতা প্রদান করতে পারবেন। এছাড়া ঢাকা হতে যেসব সাংবাদিক দেশের বিভিন্ন স্থানে নির্বাচনি সংবাদ সংগ্রহ করতে যাবেন তাদের কার্ড নির্বাচন কমিশন হতে ইস্যু করা হবে। সাংবাদিক ও পর্যবেক্ষকগণ নির্বাচন কমিশনের অনুমোদিত এবং অনুমোদনসূচক স্টিকার যুক্ত যানবাহন ব্যবহার করতে পারবেন। মোটর সাইকেল ব্যবহারের জন্য কোন স্টিকার ইস্যু করা হবে না।

ভোটকেন্দ্রে সাংবাদিকগণ যাতে নির্বিঘ্নে তথ্য সংগ্রহ ও প্রচার করতে পারেন সেজন্য নির্বাচন কমিশন নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করেছে। সাংবাদিকগণ ভোটকেন্দ্রে এসব নীতিমালা মেনে তাদের কার্যক্রম পরিচালনা করবেন।

- নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রদত্ত বৈধ কার্ডধারী সাংবাদিক সরাসরি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন। ভোটকেন্দ্রে প্রবেশের পর প্রিজাইডিং অফিসারকে অবহিত করে ভোটগ্রহণ কার্যক্রমের তথ্য সংগ্রহ, ছবি তোলা এবং ভিডিও ধারণ করতে পারবেন তবে কোনক্রমেই গোপন কক্ষের ছবি সংগ্রহ কিংবা ধারণ করতে পারবেন না
- একইসাথে একাধিক মিডিয়ার সাংবাদিক একই ভোটকক্ষে প্রবেশ করতে পারবেন না
- ভোটকক্ষের ভিতর হতে কোনভাবেই সরাসরি সম্প্রচার করা যাবে না
- ভোটকেন্দ্রের ভিতর হতে সরাসরি সম্প্রচার করতে হলে ভোটকক্ষ হতে নিরাপদ দূরত্বে গিয়ে তা করতে হবে, কোনক্রমেই ভোটগ্রহণ কার্যক্রমে বাধাঁর সৃষ্টি করা যাবে না
- সাংবাদিকগণ ভোটগণনা কক্ষে ভোট গণনা দেখতে পারবেন, তবে সরাসরি সম্প্রচার করতে পারবেন না
- ভোটকক্ষ হতে ফেসবুকসহ কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি প্রচার করা যাবে না
- কেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রম ব্যাহত হয় এমন সকল কাজ থেকে বিরত থাকবেন
- ভোটকেন্দ্রে সাংবাদিকগণ প্রিজাইডিং অফিসারের আইনানুগ নির্দেশ মেনে চলবেন
- নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজে কোনরূপ হস্তক্ষেপ করতে পারবেন না
- কোন প্রকার নির্বাচনি উপকরণ স্পর্শ বা অপসারণ করতে পারবেন না
- নির্বাচনি সংবাদ সংগ্রহের সময় প্রার্থী বা কোন রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে যেকোন ধরণের প্রচারণা বা বিদ্বেষমূলক প্রচারণা হতে বিরত থাকবেন
- নির্বাচন অনুষ্ঠানে সহায়তার জন্য নির্বাচনি আইন ও বিধিবিধান মেনে চলবেন

উপরোল্লিখিত নির্দেশনা পালন না করলে বা তার ব্যত্যয় ঘটলে উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে নির্বাচনি আইন, বিধি ও কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

এই নীতিমালা নির্বাচন কমিশনের আদেশক্রমে জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

22/12/20

( এস এম আসাদুজ্জামান )
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৫২০

প্রাপক:
রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
......................................................
......................................................

(অ.পৃ.দ্র.)

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৪০.৩৮.০০৮.২০-২৭৫ তারিখঃ ২২ ডিসেম্বর, ২০২০

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/ সচিব ....................................................... (সংশ্লিষ্ট)মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন , ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার,............................. (সংশ্লিষ্ট)
৮. উপমহাপুলিশ পরিদর্শক, ....................রেঞ্জ (সংশ্লিষ্ট)
৯. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. জেলা প্রশাসক, .............(সংশ্লিষ্ট)
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.................................... (সংশ্লিষ্ট)
১৪. পুলিশ সুপার, ........................... (সংশ্লিষ্ট)
১৫. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. .................................... কর্মকর্তা (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৭. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি,.................................. (সংশ্লিষ্ট)
১৮. উপেজলা নির্বাহী অফিসার, ............................................(সংশ্লিষ্ট)
১৯. জেলা তথ্য অফিসার, ............... (সংশ্লিষ্ট)
২০.মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা
(প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................, এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা
(মাননীয় নির্বাচন
কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. উপেজলা/থানা নির্বাচন অফিসার, ......................................(সংশ্লিষ্ট)
২৪. অফিসার-ইন-চার্জ, ............................................... (সংশ্লিষ্ট) থানা।

22/12/2020
( মোঃ আশাদুল হক )
সহকারী পরিচালক (জনসংযোগ)
ফোন: ৫৫০০৭৫৫৬

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.৩৮.০০৮.২০-২৭৪ তারিখ: ২২ ডিসেম্বর, ২০২০

বিষয়: পৌরসভা নির্বাচন উপলক্ষে স্থানীয় সাংবাদিক অনুমোদন।

আগামী ২৮ ডিসেম্বর, ২০২০ তারিখে দেশের ২৫টি পৌরসভা এবং ১৬ জানুয়ারি ২০২১ তারিখে ৬১টি পৌরসভায় সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ সকল নির্বাচনে শুধু ভোটার ও নির্বাচন কমিশনের অনুমোদিত পরিচয়পত্রধারীরাই ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন।

০২। স্থানীয় সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার প্রদান করবেন। এ সকল নির্বাচনে ঢাকা হতে যেসব সাংবাদিক সংবাদ কভার করতে দেশের বিভিন্ন পৌরসভায় যাবেন তাদের পরিচয়পত্র নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রদান করা হবে।

০৩। কতজন স্থানীয় সাংবাদিককে পরিচয়পত্র দেয়া যায় তা স্থানীয় প্রেসক্লাব বা সাংবাদিক নেতৃবৃন্দের সাথে আলোচনা করে নির্ধারণ করা যেতে পারে। প্রয়োজনে সাংবাদিকের আবেদন যাচাই বাছাই করে পাশ প্রদানের জন্য রিটার্নিং অফিসার একটি কমিটি গঠন করে দিতে পারেন।

০৪। সংবাদ মাধ্যমের নিউজ এডিটর/চিফ রিপোর্টার/বার্তা প্রধান/ ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি সংশ্লিষ্ট সাংবাদিকের পরিচয়পত্র, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজ রঙিন ছবিসহ আবেদন করলে তাদের দলিলাদি যাচাই বাছাই করে যৌক্তিক সংখ্যক সাংবাদিক কার্ড এবং গাড়ির স্টিকার ইস্যু করতে হবে। যেসব সাংবাদিকদের অনুমোদন দেয়া হবে তাদের বিস্তারিত তথ্য পাশ নম্বরসহ রেজিস্ট্রারে লিখে রাখতে হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। ইস্যুকৃত কার্ডে রিটার্নিং/সহকারী রিটার্নিং অফিসার/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল দিতে হবে।

০৫। অনলাইন নিউজ এজেন্সি ও অনলাইন টিভির সাংবাদিকদের ক্ষেত্রে যেসব অনলাইন এজেন্সি/অনলাইন টিভির অন্তত একজন সাংবাদিকের নামে তথ্য অধিদপ্তরের (পিআইডি) এ্যাক্রিডিটেশন কার্ড রয়েছে, সেসব অনলাইন প্রতিষ্ঠানের সাংবাদিকদের যৌক্তিক সংখ্যক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার দেয়া যাবে। পিআইডির এক্রিডিটেশন কার্ড নেই এমন কোন অনলাইন পোর্টাল ও অনলাইন টিভির সাংবাদিকদের সাংবাদিক কার্ড ইস্যু করা যাবে না।

০৬। ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকদের প্রযুক্তিগতভাবে সহায়তা করার জন্য যেসকল সাপোর্ট স্টাফ নিয়োজিত থাকবেন তাদেরকে সাপোর্ট স্টাফ (মিডিয়া) কার্ড প্রদান করতে হবে। কোন সাংবাদিকের জন্য গাড়ির স্টিকার প্রদান করা হলে স্টিকার নম্বর দিতে হবে এবং তা রেজিষ্টারে লিখে রাখতে হবে।

০৭। নির্বাচনি সংবাদ সংগ্রহ করার সময় সাংবাদিক ও সাপোর্ট স্টাফদের (মিডিয়া) নির্বাচন কমিশনের সাংবাদিক নীতিমালা মেনে চলতে হবে।

০৮। ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণের সময় সাংবাদিকদের বিষয়ে নির্দেশনাসমূহ জানিয়ে দিতে হবে। নির্দেশনাসমূহ যেসব সাংবাদিকদের পরিচয়পত্র দেয়া হবে তাদেরকেও জানাতে হবে।

০৯। প্রয়োজনীয় সংখ্যক সাংবাদিক পরিচয়পত্র, সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্র এবং গাড়ির স্টিকার রিটার্নিং অফিসার কর্তৃক নির্বাচনি মালামাল সংগ্রহের সময় জনসংযোগ শাখা হতে সংগ্রহ করতে হবে।

১০। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সাংবাদিক নীতিমালা সংক্রান্ত পরিপত্র।

22/12/20
( এস এম আসাদুজ্জামান )
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
ফোনঃ ৫৫০০৭৫২০

রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
................ পৌরসভা সাধারণ নির্বাচন

(অ.পৃ.দ্র)

নং-১৭.০০.০০০০.০৪০.৩৮.০০৮.২০-২৭৪ তারিখঃ ২২ ডিসেম্বর, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)

০১। বিভাগীয় কমিশনার..........................(সংশ্লিষ্ট)

০২। উপ মহাপুলিশ পরিদর্শক..........................(সংশ্লিষ্ট)

০৩। জেলা প্রশাসক, ..........................(সংশ্লিষ্ট)

০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ...................(সংশ্লিষ্ট)

০৫। পুলিশ সুপার, ..........................(সংশ্লিষ্ট)

০৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার..........................(সংশ্লিষ্ট) [পত্রের অনুলিপি সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহের অনুরোধসহ]

০৭। উপজেলা/থানা নির্বাচন অফিসার........................................................(সংশ্লিষ্ট)

০৮। অফিসার ইনচার্জ..............................................................................(সংশ্লিষ্ট)।

22/12/2020

( মোঃ আশাদুল হক )
সহকারী পরিচালক (জনসংযোগ)
ফোন: ৫৫০০৭৫৫৬